সাহিত্যের ইতিহাস / শ্রীকৃষ্ণকীর্তন ✓

বাংলা সাহিত্যের আদি পর্বের দেখা মিলেছিল ১০ম থেকে ১২শ শতকে। সেই পর্বের একমাত্র নিদর্শন ছিল চর্যাপদ। তারপরেই ১৩ শতকে ঘটলো তুর্কি আক্রমণ। হিন্দু বৌদ্ধ যুগের অবসান ঘটল এবং শুরু হল মুসলমান শাসন। আমরা দেখেছি, মুসলমান শাসনে বাংলার সমাজ-সংস্কৃতি-ভাষা-সাহিত্য নানাভাবে প্রভাবিত হল।

তুর্কি আক্রমণের ফলে বাংলার সামগ্রিক ইতিহাসে এবং বাংলা সাহিত্যের ইতিহাসেও মধ্যযুগের সূচনা ঘটল।

কিন্তু তুর্কি আক্রমণের প্রথমপর্বে সশস্ত্র আক্রমণ, রক্তপাত, বিজাতীয় ধর্মের দাপটে সমগ্র সমাজে যে অস্থিরতা দেখা দিল যে, দুশো বছর আমরা বাংলা সাহিত্যের কোনো সাহিত্যনিদর্শন পাচ্ছি না। এই সময়টা হল অন্ধকার যুগ (১৩ ও ১৪ শতক)।

মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন পাওয়া যাচ্ছে পঞ্চদশ শতকে। বড়ু চণ্ডীদাসের লেখা 'শ্রীকৃষ্ণকীর্তন'।

চর্যাপদ যেমন আদিপর্বের বাংলা সাহিত্যের প্রথম ও একমাত্র নিদর্শন, তেমনি 'শ্রীকৃষ্ণকীর্তন' হল মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথমতম নিদর্শন। (মনে রাখতে হবে 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগের বাংলা সাহিত্যের একমাত্র নিদর্শন নয়।)

মধ্যযুগের বাংলা সাহিত্যের ভাষা ও সাহিত্যের প্রথম নিদর্শন হিসেবে 'শ্রীকৃষ্ণকীর্তন' অত্যন্ত গুরুত্বপূর্ণ।